

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৫০

আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

মনুঘাট সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে প্রধানমন্ত্রী
সুরক্ষিত মাতৃত্ব অভিযান কর্মসূচি



নিরাপদ এবং সুস্থ শিশুর প্রসব নিশ্চিত করার লক্ষ্যে গর্ভবতী মহিলাদের প্রসব পূর্ববর্তীকালীন সময়ে বিনামূল্যে কমপক্ষে চারটি এএনসি চেকআপ নিশ্চিত করার জন্য ধলাই জেলার অধীনে মনুঘাট সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে গত ৯ মার্চ প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান কর্মসূচি অনুষ্ঠিত হয়। তাতে এই সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত বিভিন্ন এলাকা থেকে আসা মোট ৩৫ জন গর্ভবতী মহিলাদের চিকিৎসকগণ স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষা করেন। এদিন চিকিৎসকগণ গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষার পাশাপাশি অংশগ্রহণকারী গর্ভবতী মহিলা ও তাদের পরিবার পরিজনদের মধ্যে গর্ভবতী মহিলাদের প্রসব পূর্ববর্তীকালীন সময়ে মা ও গর্ভস্থ শিশুর স্বাস্থ্য সুরক্ষায় বিভিন্ন সচেতনতামূলক পরামর্শও প্রদান করেন। সবশেষে উপস্থিত গর্ভবতী মহিলাদের মধ্যে বিনামূল্যে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন মনুঘাট সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডা. পাপন চন্দ্র দাস, চিকিৎসক ডা. জনিতর ত্রিপুরা, নার্সিং অফিসার মণিকা শর্মা, ফার্মাসিস্ট উসুইচিং মগ, ল্যাব টেকনিশিয়ান সমীর কলই, এমপিডব্লিও রোমন দেবনাথ, আশা ফেসিলিটেটর অরণ্য দেববর্মা এবং স্বাস্থ্যকেন্দ্রের অধীন বিভিন্ন এলাকা থেকে আসা আশাকর্মীগণ। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
